**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 05-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Election-Result :**

বিধানসভা নির্বাচনে বিপুল জনাদেশ নিয়ে পশ্চিমবঙ্গে সরকার গঠন করতে চলেছে বিজেপি। স্বাধীনতার পর এই প্রথম বিজেপি পশ্চিমবঙ্গে সরকার গঠন করবে। ১৫ বছর একটানা ক্ষমতায় থাকার পর পরাজিত হল তৃণমূল কংগ্রেস। পশ্চিমবঙ্গে মোট ২৯৩টি বিধানসভা আসনের মধ্যে ২০৬টি আসনে বিজেপি, ৮১টি আসনে তৃণমূল কংগ্রেস জয়লাভ করেছে। তাছাড়া কংগ্রেস ২টিতে, আম উন্নয়ন পার্টি ২টি আসনে জয়ী হয়েছে। ১টি করে আসনে জয়ী হয়েছে সি.পি.আই.এম এবং এ.আই.এস.এফ। নির্বাচন কমিশন থেকে এই ফলাফল ঘোষণা করা হয়েছে। এই রাজ্যের ভবানীপুর কেন্দ্রে মুখ্যমন্ত্রী ও তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জি পরাজিত হয়েছেন। বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী তাকে ১৫ হাজারেরও বেশি ভোটে পরাজিত করেছেন।

শাসক দল বিজেপি-নেতৃত্বাধীন এন.ডি.এ আসামে টানা তৃতীয়বারের মতো ঐতিহাসিক জয় নিশ্চিত করেছে। কেরলমে, সংযুক্ত গণতান্ত্রিক ফ্রন্ট বিপুল বিজয় অর্জন করেছে। পুদুচেরিতে বিজেপি নেতৃত্বাধীন এন.ডি.এ জোট পুনরায় সরকার গঠন করতে চলেছে। তামিলনাড়ুতে ডি.এম.কে সরকারের পতন হয়েছে। চন্দ্র শেখরন বিজয়ের নবগঠিত দল তামিলাগা ভেটরী কাজাগম একক বৃহত্তম দল হিসাবে রয়েছে।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী তথা বিজেপি'র বরিষ্ঠ নেতা নরেন্দ্র মোদী বিজেপি'র বিপুল জয়কে ঐতিহাসিক ও অভূতপূর্ব হিসেবে আখ্যায়িত করেছেন। পশ্চিমবঙ্গ, আসাম, পুদুচেরি, তামিলনাড়ু ও কেরালার জনগণ ও দলীয় কর্মীদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। গতকাল নতুন দিল্লিতে বিজেপি সদর

দফতরে দলীয় কর্মীদের উদ্দেশে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন, জনগণ ভারতের মহান গণতন্ত্র, কর্মদক্ষতার রাজনীতি এবং 'এক ভারত শ্রেষ্ঠ ভারত'-এর চেতনার উপর তাদের আস্থা রেখেছেন। তিনি দলীয় কর্মীদের পথনির্দেশনার জন্য বিজেপি সভাপতি নিতিন নবীনের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী আরো বলেন, জয়-পরাজয় গণতন্ত্রেরই অংশ এবং এবার বিশ্ব দেখেছে কেন ভারতকে গণতন্ত্রের জননী বলা হয়। এই জয় ভারতের গণতন্ত্র এবং ভারতীয় সংবিধানের জয়।

প্রধানমন্ত্রী বলেছেন যে, সম্প্রতি সমাপ্ত বিধানসভা নির্বাচনে রেকর্ড সংখ্যক ভোটারের উপস্থিতি দেশের গণতন্ত্রের এক উজ্জ্বল চিত্র তুলে ধরেছে। তিনি নির্বাচনী প্রক্রিয়ার সঙ্গে জড়িত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। বিজেপি সভাপতি নিতিন নবীন চারটি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের জনগণকে বিজেপি এবং এন.ডি.এ-কে সমর্থন ও আস্থা রাখার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। শ্রী নবীন বলেন, পশ্চিমবঙ্গে বিজেপি এক বিশাল বিজয় অর্জন করেছে, যা দলীয় কর্মীদের অক্লান্ত প্রচেষ্টা ও নিষ্ঠার ফল।

********************************

**By-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজেপি প্রার্থী জহর চক্রবর্তী জয়ী হয়েছেন। তিনি তার নিকটতম প্রার্থী সি.পি.আই.এমের অমিতাভ দত্তকে ১৮ হাজার ২৯০ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। বিজেপি প্রার্থী জহর চক্রবর্তীর মোট প্রাপ্ত ভোট ২৪ হাজার ২৯১। সি.পি.আই.এম প্রার্থী অমিতাভ দত্ত ৬ হাজার ১টি ও জাতীয় কংগ্রেস প্রার্থী চয়ন ভট্টাচার্য ভোট পেয়েছেন ৫ হাজার ৯৩৬টি।

******************************

**ADC-Oath Taking :**

এডিসি'র নতুন চেয়ারম্যান পদে দামছড়া-জম্পুই আসন থেকে নির্বাচিত ভবরঞ্জন রিয়াং ও মুখ্য নির্বাহী সদস্য পদে বোধজংনগর-ওয়াকিনগর আসন থেকে নির্বাচিত রুনেইল দেববর্মা মনোনীত হয়েছেন। গতকাল আগরতলায় রাজবাড়িতে অনুষ্ঠিত বৈঠকে এডিসি-তে তিপরা মথা দলের নব-নির্বাচিত সদস্যদের বৈঠকে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত নেওয়া হয়। তিপরা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকে অংশ গ্রহণ করেন। গতকাল তিপরা মথা দলের পক্ষ থেকে এখবর জানানো হয়েছে।

এদিকে, এডিসি'র নতুন চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী সদস্য নির্বাচন আজ সকাল ১১টায় খুমুলুং-এ এডিসি'র কাউন্সিল ভবনে অনুষ্ঠিত হবে। আগামীকাল সকাল ১১টায় মুখ্য নির্বাহী সদস্য ও কার্যনির্বাহী সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠান অনুষ্ঠিত হবে খুমুলুং-এর নুউাই অডিটোরিয়াম হলে।

*************************

**CSAB counselling :**

উত্তর পূর্ব ভারতের রাজ্যগুলির ছাত্রছাত্রীদের জন্য এনআইটি, ট্রিপল আইটি সহ অন্যান্য সরকারি অধিগৃহীত শিক্ষা প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির সুবিধা দেওয়া হবে। গতকাল আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে এই কথা জানিয়েছেন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির কাউন্সেলিং এর জন্য গঠিত সেন্ট্রাল সিট এলোকেসন পর্ষদ বা সিসেব-এর কনভেনার ডঃ সুরজিত কুমার রায়। তিনি জানান, কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের নির্দেশে আগামী জুন মাসে অনলাইনে এই কাউন্সেলিং হবে। জি মেইন যারা পাশ করেছেন তারাই কেবল এই কাউন্সেলিং-এ অংশ নিতে পারবেন। সাংবাদিক সম্মেলনে সিসেব এর কোর্ডিনেটর ডঃ পবিত্র হালদার জানান, আই.আই.ই.এস.টি শিবপুরকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক কাউন্সেলিং এর দায়িত্ব দিয়েছে। উত্তর-পূর্বাঞ্চলের ছাত্রছাত্রীদের জন্য 'হোম স্টেট' সুবিধা বজায় থাকছে। পাশাপাশি NEUT রাউন্ডের মাধ্যমে উত্তর-পূর্ব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রার্থীদের জন্য সংরক্ষিত আসনে ভর্তির সুযোগ থাকবে।

***************************

**TCPCR-Sonamura :**

সিপাহীজলা জেলার সোনামুড়ায় এক নাবালিকার অস্বাভাবিক মৃত্যুর ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের কঠোর শাস্তির দাবি জানান ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। গতকাল কমিশনের একটি প্রতিনিধি দল নিহতের বাড়িতে গিয়ে পরিবারের লোকেদের সঙ্গে দেখা করেন ও নাবালিকা যেই স্কুলে পাঠরত ছিল সেই স্কুলে গিয়ে কথা বলেন সহপাঠি ও কর্তৃপক্ষের সঙ্গে পরে সোনামুড়া থানায় গিয়ে ও.সি তাপস দাসের সঙ্গে দেখা করে ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের কঠোর শাস্তির দাবি জানান।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দু'একটি স্থানে ভারী বৃষ্টিপাত সহ কিছু কিছু স্থানে ঘন্টায় ৩৪-৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ডিগ্রি ২৩.৪ ডিগ্রী সেলসিয়াস। ভোর সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল শূন্য দশমিক ছয় মিলিমিটার।

*****************************